

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১৪/১১/২০২১ তারিখ বেলা ২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।  
তারিখ : ১৪/১১/২০২১ খ্রিঃ।  
সময় : ২.০০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

- ১। গত ১১/১০/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।
- ২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৯টি মীমাংসা পত্র জারীর বিষয়টি বিলম্বিত হওয়ায় মবক'র পত্র নং-৭৬৬, তাং-০৮/০৭/২০২১ খ্রিঃ মূলে মহাপরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকায় তাগিদপত্র প্রেরণ করা হয়। এছাড়া গত ১৯/০৯/২১ খ্রিঃ তারিখে এ সংস্থার নিরীক্ষা কর্মকর্তা ঢাকায় উক্ত অধিদপ্তরের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে আসেন। পরবর্তীতে উক্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, এই বিষয়ে আলাদা আলাদা নথি উপস্থাপন করা হয়েছে। খ) ২০২১ সনে উত্থাপিত ৭০(সত্তর) টি আপত্তির মধ্যে প্রাথমিকভাবে ৫৮ টি আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১২(বার)টি অডিট আপত্তির মধ্যে পত্র নং-১৩৫৬, তাং-৩১/১০/২০২১ খ্রিঃ মূলে ০৮(আট)টি আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে; বাকী ০৪(চার)টি আপত্তির পূর্ণাঙ্গ জবাব প্রশাসন বিভাগ হতে না পাওয়ায় ব্রডশীট জবাব প্রেরণ করা সম্ভব হয়নি। এ বিষয়ে পত্র নং-৮৩৪, তাং-০৭/১১/২১ খ্রিঃ মূলে বিষয়টি অবহিত করা হয়েছে। এ বিষয়ে প্রধান নিরীক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় অবহিত করেন যে, আগামী সভার পূর্বে ২০টি অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে এবং পত্র নং-৮২৬, তাং-১৩/১০/২১ খ্রিঃ মূলে অনিষ্পন্ন অডিট আপত্তির পূর্ণাঙ্গ জবাব প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান বরাবর পত্রজারী করা হয়েছে।	ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) অবশিষ্ট ০৪টি অডিট আপত্তির পূর্ণাঙ্গ জবাব নিরীক্ষা ও পরিদর্শন বিভাগে প্রেরণ করতে হবে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা পরিচালক (প্রশাসন) প্রধান নিরীক্ষা কর্মকর্তা
২.	মোংলা পোর্ট পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০	ক) মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনালের পরিচালনা নীতিমালা বোর্ডসভায় উপস্থাপনের লক্ষ্যে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। নীতিমালাটি বোর্ড সভায় অনুমোদিত হলে ট্রাক-টার্মিনালের দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করা হবে।	ক) নীতিমালাটি বোর্ড সভায় উপস্থাপনপূর্বক জরুরীভিত্তিতে অনুমোদন গ্রহণ করতে হবে। খ) বোর্ড সভায় নীতিমালা অনুমোদিত হলে পরিচালনা কমিটি কর্তৃক দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)